



নম্বর: ৪৬.০০.০০০০.০০০.০৬৭.১৩.০১৬০.২৫-০৯

তারিখ: ২১ পৌষ ১৪৩২
০৫ জানুয়ারি ২০২৬

প্রাপকঃ চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার
স্থানীয় সরকার বিভাগ
সিজিএ ভবন (৫ম তলা), সেগুনবাগিচা, ঢাকা-১০০০


বিষয়ঃ অবসর-উত্তর ছুটি (পিআরএল) এবং লাম্পগ্র্যান্ট মঞ্জুরি প্রদান।

সূত্র: ক) স্থানীয় সরকার বিভাগের স্মারক: ৪৬.০০.০০০০.০০০.০৬৭.১৩.০১৬০.২৫-৯৭৬; তারিখ: ১৫/১২/২০২৫;
খ) এলজিইডি'র স্মারক: ৪৬.০২.০০০০.০০১.৯৯.১০৮.১৮-১১২৫০; তারিখ: ১৭/১২/২০২৫।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনাব এ, কে, এম মাজহারুল আলম, নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, সদর দপ্তর, ঢাকা-কে সরকারি চাকরি আইন, ২০১৮ (২০১৮ সনের ৫৭নং আইন) এর ধারা ৪৩(১)(ক) ধারা অনুযায়ী ১৫-১১-২০২৫ তারিখ থেকে সরকারি চাকরি হতে অবসর প্রদান করা হয়। কিন্তু চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসারের কার্যালয় হতে প্রত্যাশিত শেষ বেতনপত্র (ইএলপিসি) প্রাপ্ত না হওয়ায় তাঁর অনুকূলে অবসর-উত্তর ছুটি (পিআরএল)সহ লাম্পগ্র্যান্ট মঞ্জুর করা সম্ভব হয়নি।

২। প্রত্যাশিত শেষ বেতনপত্র (ইএলপিসি) প্রাপ্তি সাপেক্ষে এলজিইডি হতে সূত্রোক্ত-খ পত্রের মাধ্যমে তাঁর অনুকূলে অবসর-উত্তর ছুটি (পিআরএল)সহ লাম্পগ্র্যান্ট মঞ্জুরের প্রস্তাব প্রেরণ করা হয়েছে। তৎপ্রেক্ষিতে জনাব এ, কে, এম মাজহারুল আলম, নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, সদর দপ্তর, ঢাকা-এর অনুকূলে সরকারি চাকরি আইন, ২০১৮ এর ধারা ৪৭ অনুযায়ী ১৬-১১-২০২৫ হতে ১৫-১১-২০২৬ তারিখ পর্যন্ত পূর্ণগড় বেতনে ০১(এক) বছরের অবসর-উত্তর ছুটি (পিআরএল) এবং অর্থ বিভাগের ১৪ অক্টোবর ২০১৫ তারিখের ০৭.০০.০০০০.০৭১. ১৩.০০৬.১৫-৮১নং প্রজ্ঞাপনের 'ছ' অনুচ্ছেদ অনুযায়ী ১৮(আঠারো) মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ লাম্পগ্র্যান্ট হিসেবে নির্দেশক্রমে মঞ্জুর করা হলো।

৩। তিনি বিধি অনুযায়ী অবসর ও অবসর-উত্তর ছুটিকালীন অন্যান্য সুবিধাদি প্রাপ্য হবেন।



(আশফিকুন নাহার)
উপসচিব
ফোন- ০২২২৩৩৫৪০১৪
ইমেইল: lgdev1sec@gmail.com

নম্বর: ৪৬.০০.০০০০.০০০.০৬৭.১৩.০১৬০.২৫-০৯ (১/৭)

তারিখ: ২১ পৌষ ১৪৩২
০৫ জানুয়ারি ২০২৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. প্রধান প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, আগারগাঁও, শেরেবাংলা নগর, ঢাকা;
২. যুগ্মসচিব (উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৩. মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়;
৪. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
৫. সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, স্থানীয় সরকার বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
৬. জনাব এ, কে, এম মাজহারুল আলম, নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, সদর দপ্তর, ঢাকা;
৭. অফিস কপি।


(আশফিকুন নাহার)
উপসচিব